

আমি আজ শোকাত নই

লুৎফর রহমান রিটন

আমাকে বিশ্বাস করো প্রিয় সাথী সহযোদ্ধা প্রিয় বন্ধুগণ—
আমি আজ শোকাত নই!
প্রাণিত সম্ভাষণে দীপ্ত উচ্চারণে প্রতিক্ষণে জনে জনে
আমি আজ তাঁর কথা কই।

তাঁকে রাখি আমি করোটিতে দিবানিশি
তাঁকে রাখি আমি নয়নের মাঝখানে
তাঁকে রাখি আমি বুকের জায়নামাজে
তাঁকে রাখি আমি মৃত্তিকা-আসমানে

চেয়ে দেখো এই চোখে নেই কোনো জল,
এই চোখে তাঁরই ছবি কাঁপে টলোমল
এই চোখে তাঁরই হাসি তাঁরই কোলাহল
চেয়ে দেখো এই চোখে নেই কোনো জল।

অনেক কেঁদেছি, আজ কাঁদতে চাই না আর, আজ কোনো অশ্রুপাত নয়
আজ প্রাণ অফুরান, শুধু গান শুধু গান—জয় বাংলা বাংলার জয়.....

শোক আজ শক্তিতে পরিণত হোক
মৃত্যুঞ্জয়ী! তিনি আমাদেরই লোক।
এসো আজ তাঁর নামে মন্ত্র করি পাঠ—
তিনিই বাংলাদেশ বিপুল বিরাট.....

অটোয়া, কানাডা ॥ ১৪ আগস্ট ২০০৭
riton100@gmail.com